# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি:/রেজি:/প্রশা:/গভ:/২০২০/১৪৭৪১

তারিখ: ২৪ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০৯ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

**(গ) এডহক কমিটির সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়নের ক্ষেত্রে নিম্নে উল্লিখিত কাগজপত্রাদি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।**

১. মাদরাসার নিজস্ব প্যাডে আবেদনপত্র (স্মারক, তারিখ, মোবাইল নম্বর ও ইমেইল উল্লেখসহ অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক স্বাক্ষরিত);

২. বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরমে সভাপতি (০৩ জন) ও বিদ্যোৎসাহী প্রতিনিধির (০৩ জন) নাম, ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, পেশা ও সামাজিক কর্মকান্ড প্রস্তাব করতে হবে (সভাপতি হিসেবে জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক এবং বিদ্যোৎসাহী হিসেবে জেলা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হলে নির্ধারিত ফরমে ০১ জন করে প্রস্তাব দিতে হবে);

৩. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত ফাজিল ও কামিল মাদরাসার এডহক কমিটির প্রস্তাবিত সভাপতির (জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক ব্যতীত) শিক্ষাগত যোগ্যতা কামিল/স্নাতকোত্তর ও বিদ্যোৎসাহীর শিক্ষাগত যোগ্যতা ফাজিল/সমমান হতে হবে এবং প্রস্তাবনা ব্যক্তিদের শিক্ষাগত যোগ্যতার সর্বশেষ সনদ ও জাতীয় পরিচয় পত্রে অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে;

৪. প্রস্তাবিত সভাপতি ও বিদ্যোৎসাহী প্রতিনিধিগণের শিক্ষাগত যোগ্যতার বিষয়ে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র;

৫. জ্যেষ্ঠতার ভিত্তিতে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব অর্পণ করা হলে দায়িত্ব অর্পণের রেজুলেশন ও সভাপতি কর্তৃক আদেশের কপি এবং সর্বশেষ এমপিও কপি বিশ্ববিদ্যালয়ে দাখিল করতে হবে;

৬. মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)/উপাধ্যক্ষ/সভাপতি ও মাদরাসার গভর্নিং বডির নির্বাচন সংক্রান্ত কোন ব্যক্তির পক্ষে/বিপক্ষে বিচারাধীন মামলা না থাকলে মামলা ও অভিযোগ নেই মর্মে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র;

৭. মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)/উপাধ্যক্ষ/সভাপতি ও মাদরাসার গভর্নিং বডির নির্বাচন সংক্রান্ত কোন ব্যক্তির পক্ষে/বিপক্ষে বিচারাধীন মামলা থাকলে মামলা সংক্রান্ত সকল কাগজপত্র দাখিল করতে হবে;

৮. এডহক কমিটি গঠনের সুনির্দিষ্ট কারণ উল্লেখসহ লিখিত ব্যাখ্যা (প্রযোজ্য ক্ষেত্রে);

৯. বিশ্ববিদ্যালয় কর্তৃক পূর্বের গভর্নিং বডি/এডহক কমিটির অনুমোদন কপি (যদি থাকে);

১০. বিশ্ববিদ্যালয় কর্তৃক সর্বশেষ অধিভুক্তি নবায়নের কপি/অধিভুক্তি নবায়নের জন্য বিশ্ববিদ্যালয়ে দাখিলকৃত আবেদনের কপি;

১১. বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত মাদরাসাসমূহের গভর্নিং বডি ও এডহক কমিটি সংক্রান্ত তৃতীয় সংবিধি-২০২৩ মোতাবেক কমিটি গঠনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

০৯/০৩/২০২৫

(মো: আইউব হোসেন)
রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১
ই-মেইল: iauregistr@gmail.com